



দুই ছাত্র উপদেষ্টাকে আনুষ্ঠানিক বিদায় জানানো হয়েছে: পরিবেশ উপদেষ্টা



সংগৃহীত ছবি

পরিবেশ উপদেষ্টা রিজওয়ানা হাসান জানিয়েছেন, উপদেষ্টা পরিষদ আনুষ্ঠানিকভাবে দুই ছাত্র উপদেষ্টাকে বিদায় দিয়েছে। বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

রিজওয়ানা হাসান বলেন, নির্বাচন তফসিল ঘোষণার পর থেকেই তাদের পদত্যাগ কার্যকর হবে। এরপর প্রধান উপদেষ্টা ড. মুহম্মদ ইউনূস ছাত্র উপদেষ্টাদের দায়িত্বে থাকা মন্ত্রণালয়গুলো পুনর্বিন্টন করবেন বলেও জানান তিনি।

গণঅভ্যুত্থানের পর বিদায় প্রক্রিয়া বেশ আবেগঘন ছিল উল্লেখ করে রিজওয়ানা বলেন, অন্তর্বর্তী সরকারের কাঠামো ও সংস্কারের আইনি ভিত্তি তৈরি করে দেওয়া হয়েছে। এখন এসব সংস্কার কতটা বাস্তবায়িত হবে—তা নির্ভর করবে আগামী নির্বাচনে গঠিত সরকারের ওপর।

LENS ASIA